


প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১০:৪৮
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১০:৫৭

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

আনিসুল হকের জন্য এক মিনিট নিরবতা

| অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হকের জন্য আজ শেরে-ই-বাংলা জাতীয় স্টেডিয়ামে এক মিনিট নিরবতা পালন করা হবে। বাংলাদেশ প্রিমিয়ার লিগের খেলা শনিবার দুপুর থেকে শুরু হচ্ছে রংপুর রাইডার্স ও কুমিল্লা ভিক্টোরিয়ান্সের ম্যাচের মাধ্যমে। খেলার শুরুর পূর্বে এক মিনিট নিরবতা পালন করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড(বিসিবি)।

সন্ধ্যা ছয়টায় রাজশাহী কিংসের প্রতিপক্ষ বিপিএলের বর্তমান চ্যাম্পিয়ন ঢাকা ডায়নামাইটস। মেয়র আনিসুল হকের প্রতি শ্রদ্ধা জানাতে আজ কালো আর্মব্যান্ড পরে মাঠে নামার সিদ্ধান্ত নিয়েছেন রাজশাহী কিংসের ক্রিকেটাররা।

আনিসুল হকের মরদেহ আজ শনিবার বাংলাদেশ সময় বেলা ১১টা ২০ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে এসে পৌঁছেবে। বিমানবন্দর থেকে তার মরদেহ নেওয়া হবে বনানীর বাসায়। সেখানে তার শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের শেষ শ্রদ্ধা জানানোর জন্য রাখা হবে।

সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য তার মরদেহ বিকাল ৩টা থেকে আর্মি স্টেডিয়ামে রাখা হবে। সেখানেই বিকাল ৪টায় আসরের নামাজের পর তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। এরপর তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

বিডি প্রতিদিন/২ ডিসেম্বর, ২০১৭/ফারজানা